



নির্বাচন ও গণভোটে বাংলাদেশকে জাতিসংঘের শুভেচ্ছা



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট শান্তিপূর্ণভাবে সম্পন্ন করায় বাংলাদেশ ও দেশের জনগণকে শুভেচ্ছা জানিয়েছে জাতিসংঘ। একই সঙ্গে শান্তি, স্থিতি ও সমৃদ্ধ ভবিষ্যৎ গঠনে পাশে থাকার অঙ্গীকার পুনর্ব্যক্ত করা হয়েছে।

শনিবার (১৪ ফেব্রুয়ারি) প্রকাশিত বার্তায় বলা হয়, জাতীয় ঐক্য জোরদার করা, গণতান্ত্রিক ধারা অব্যাহত রাখা এবং আইনের শাসন সমুন্নত রাখতে সব রাজনৈতিক পক্ষকে দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানিয়েছেন আন্তোনিও গুতেরেস। সকল মানুষের অধিকার নিশ্চিত করা এবং সংখ্যালঘু জনগোষ্ঠীর নিরাপত্তা রক্ষার ওপর বিশেষ গুরুত্বারোপ করা হয়েছে।

বার্তায় আরও উল্লেখ করা হয়, পরিবর্তনের পথে এগিয়ে চলা বাংলাদেশে সবার অংশগ্রহণের ভিত্তিতে স্থায়ী সংস্কার কার্যক্রম সফল করতে পারস্পরিক সহযোগিতা ও সদিচ্ছা প্রয়োজন। এই প্রক্রিয়ায় সহায়তা অব্যাহত থাকবে বলেও জানানো হয়েছে।

LENS ASIA